চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

৩৩ নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ডে
সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ৪১ টি ওয়ার্ডে সর্বস্তরের জনগনের মতামতের ভিত্তিতে ঐতিহাসিক লালদিঘীর মাঠে বৃহত্তর সমাবেশের মধ্য দিয়ে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী কঠোর অবস্থান গ্রহন করা হবে। চট্টগ্রাম নগরীকে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক থেকে মুক্ত করার লক্ষ্যে যে কোন ঝুঁকি গ্রহন করা হবে। এ লক্ষ্যে পুলিশ জনতার ঐক্যবদ্ধ ও আন্তরিক প্রয়াস প্রয়োজন। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সন্ত্রাস, জঙ্গীবাদে জড়িতদের সহ মাদকসেবী ও বিক্রেতাদের সামাজিকভাবে বয়কট করে তাদেরকে এ ধরনের অপতৎপরতা থেকে নিভৃত করতে হবে। সে লক্ষ্যে নগরীর প্রতিটি ওয়ার্ডে সকল রাজনৈতিক দল, সামাজিক ও পেশাজীবি সংগঠনের প্রতিনিধিদের সমš^য়ে কমিটি গঠন করা হবে। সন্ত্রাস,জঙ্গীবাদ ও মাদকমুক্ত নগরী গড়ার লক্ষ্যে গনমাধ্যম,রাজনৈতিক দল, সামাজিক ও পেশাজীবি সংগঠন সকলের মতামত আমলে আনা হবে। ১৯ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সকালে নগরীর ৩৩ নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ড কার্যালয়ে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব সিদ্ধান্তের কথা বলেন। সমাবেশে সভাপতিত্ব করেন ৩৩ নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব হাসান মুরাদ বিপ্লব। এতে বিশেষ অতিথি ছিলেন নগর বাইশ মহল্লা সর্দার কমিটির সভাপতি মোহাম্মদ ইউসুফ সর্দার, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর এইচ এম সোহেল, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস লুৎফুন্নেসা দোভাস বেবী, নির্বাহী ম্যাজিষ্ট্রেট মিসেস আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিষ্ট্রেট যুগ্ম জেলা জজ মিসেস জাহানারা ফেরদৌস। সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে মতামত ব্যক্ত করেন স্থানীয় আওয়ামীলীগের সাধারন সম্পাদক রফিকুল হোসেন বাচ্চু, বিএনপির সভাপতি আকতার খান, কোতোয়ালী থানার পুলিশ পরিদর্শক মোহাম্মদ জাহেদুল কবির, স্থানীয় সমাজ সেবক আবদুল হালিম দোভাষ, শিক্ষাবিদ শাহাদাত হোসেন, সমাজ সেবক হাজী জাহাঙ্গীর আলম, আবদুল মাবুদ দোভাস, মঞ্জুর মোরশেদ, মো. তারেক সর্দার যুব সমাজের প্রতিনিধি জিয়াউদ্দিন শরিফ মিজান, খোরশেদ আলম রহমান, ছাত্র সমাজের প্রতিনিধি সাফাদ বিন আমিন। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন সাবেক ছাত্রনেতা সাইফুদ্দিন আহমেদ। এছাড়াও বিভিন্ন শ্রেনী ও পেশাজীবিদের মধ্যে উপস্থিত ছিলেন হাজী নাছির আহমদ, হাজী ইমরান কাদের, আবদুল হাই, গোলাম কিবরিয়া, মোসলেহ উদ্দিন দিদার, অধ্যক্ষ জহুরুল ইসলাম, অধ্যক্ষ নুরুল আমিন, আয়শা পারভিন, নিলুফার ইয়াসমিন, সাবিনা কাইয়ুম, জাহাঙ্গীর

আলম, অসিউর রহমান, অনিন্দ দেব ও আবু তৈয়ব মিজান সহ বিভিন্ন শ্রেনী ও পেশার প্রতিনিধিবৃন্দ।

চট্টগ্রাম- ১৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

মিয়াখান সড়কের বাদিয়ার টেক এলাকায় আজমল খান কলোনী ও সুমন খানের কলোনীতে সংগঠিত অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের মাঝে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

১৯ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. ভোররাতে সংগঠিত ভয়াবহ অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্ত নগরীর ১৯ নং ওয়ার্ডের মিয়াখান সড়কের বাদিয়ার টেক এলাকায় আজমল খান কলোনী ও সুমন খানের কলোনীতে ক্ষতিগ্রস্তদের আজ দুপুরে সরেজমিনে দেখতে যান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। উভয় কলোনীর প্রায় ৮৪ পরিবার সংগঠিত অগ্নিকান্ডে নিঃস্ব হয়ে পড়ে। মেয়র ক্ষতিগ্রস্তদের সাথে সরাসরি সাক্ষাত করে সমবেদনা জানান এবং তাদের ক্ষতি পুরনে সম্ভাব্য সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। এসময় ১৯ নং ওয়ার্ড কাউন্সিলর ইয়াছিন চৌধুরী আশু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস ফারজানা পারভিন,স্থানীয় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নুরুল আজম নুরু, সাধারন সম্পাদক সিদ্দিক আলম, আওয়ামীলীগ নেতা মোস্তাকিম বিকম, আজিজুর রহমান আজিজ, কামাল উদ্দিন, ইসমাইল কোম্পানী, বখতেয়ার ফারুক, জাবেদ হোসেন, হোসেন বাদশা, মো. ইয়াছিন, নাজিম উদ্দিন, আবুল বশর রুপন, গাজী আবদুল মান্নান, এম কে আলম সাজ্জাদ, কামাল উদ্দিন, লিটন দাস সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

১৯ নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ডে চলমান ২০১৭-২০১৮ অর্থ সনের উন্নয়ন কাজ সরেজমিনে পরিদর্শনে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

এডিপি ও রাজস্ব খাত থেকে নগরীর ১৯ নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ডে ২০১৭-২০১৮ অর্থ সনে কার্যাদেশ মোতাবেক ১১ কোটি ৫১ লক্ষ ১৫ হাজার টাকার উন্নয়ন কাজ চলমান । ১৯ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. দুপুরে উল্লেখিত চলমান উন্নয়ণ কাজের মধ্যে ময়দার মিল ড্রেনের উন্নয়ন,লট-৫, ময়দার মিল রোড, ইসমাইল ফয়েজ, আবদুল করিম রোড, বাদিয়ার টেক রোড,মিয়াখান সংযোগ সড়ক, বাদামতলির মোড় হতে হোন্ডা গ্যারেজ পর্যন্ত রোড, নুর হোসেন রোড, বালুর মাঠ সংলগ্ন রোড উন্নয়ন ও খেজুরতলি রোডের মোড়ে কালভার্ট নির্মাণ ও ড্রেইন সংস্কার ইত্যাদি কাজ সরেজমিনে দেখতে যান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি সংশ্লিষ্ট উন্নয়ন কাজের গুনগতমান অটুট রেখে নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ঠ ঠিকাদার ও প্রকৌশলীদের নির্দেশ প্রদান করেন। এসময় এলাকাবাসীর সমাবেশে মেয়র বলেন, তাঁর মেয়াদের মধ্যেই নগরীর দৃশ্যপট পরিবর্তন হবে। বিশ্বমানের বাসপোযুগী নান্দনিক ও পরিবেশ বান্ধব চট্টগ্রাম গড়ে উঠবে। নগরীর অলিগলি রাজপথ পাকা

সড়কে উন্নিত হবে এবং এলইডি বাতি দ্বারা আলোকিত করা হবে। নগরীর প্রতিটি গোলচত্বর, ফুটপাত ও মিড আইল্যান্ডকে নান্দনিক সাজে সাজানো হবে। নগরবাসির সহযোগিতা পেলে চট্টগ্রামের কাংখিত উন্নয়ন আরো তরান্বিত হবে। এ লক্ষ্যে তিনি নগরবাসির পৌরকর প্রত্যাশা করেন। এসময় ১৯ নং ওয়ার্ড কাউন্সিলর ইয়াছিন চৌধুরী আশু, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস ফারজানা পারভিন, তত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোছাইন, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, নির্বাহী প্রকৌশলী মো. ফরহাদুল আলম, সহকারী প্রকৌশলী রিফাতুল করিম চৌধুরী, উপ সহকারী প্রকৌশলী গাজী জয়নাল আবদীন, মহানগর আওয়ামীলীগের সদস্য বেলাল আহমদ, মেয়রের ব্যক্তিগত কর্মকর্তা রায়হান ইউসুফ, স্থানীয় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নুরুল আজম নুরু, সাধারন সম্পাদক সিদ্দিক আলম, আওয়ামীলীগ নেতা মোস্তাকিম বিকম, আজিজুর রহমান আজিজ, কামাল উদ্দিন, ইসমাইল কোম্পানী, বখতেয়ার ফারুক, জাবেদ হোসেন, হোসেন বাদশা, মো. ইয়াছিন, নাজিম উদ্দিন, আবুল বশর রুপন, গাজী আবদুল মান্নান, এম কে আলম সাজ্জাদ, কামাল উদ্দিন, লিটন দাস সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

সিটি মেয়র এর সাথে বাংলাদেশের দুতাবাসে নিযুক্ত কানাডিয়ান কর্মকর্তাদের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে তাঁর দপ্তরে বাংলাদেশে নিযুক্ত কানাডিয়ান সেকেন্ড সেক্রেটারী ম্যানেজম্যান্ট মনিক্ লু'হু, সিকিউরিটি প্রোগ্রাম ম্যানেজার মৌলিক বোস, কনসুলার অফিসার দুরীন রহমান ১৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.সোমবার, দুপুরে সৌজন্য সাক্ষাত করেন। তারা চট্টগ্রামে জন্মগ্রহণ করা প্রবাসী সন্তানদের জন্ম নিবন্ধন প্রক্রিয়া, প্রবাসীদের নিরাপত্তা, জলবায়ুর প্রভাব,শিল্প জোন এবং নাগরিক সেবা সম্পর্কে মেয়রের নিকট জানতে চান। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন তাঁর দপ্তরে বিদেশী মেহমানদের স্বাগত জানিয়ে বলেন, অনলাইনের মাধ্যমে জন্মনিবন্ধন, প্রবাসীদের সার্বিক নিরাপত্তা এবং জলবায়ুর প্রভাবে জোয়ারে জলাবদ্ধতার ক্ষতিকর দিক, ইপিজেড সহ শিল্প জোনের বর্তমান চিত্র এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নাগরিক সেবার বিভিন্ন দিক সম্পর্কে তাদেরকে অবহিত করেন। তিনি বলেন, চট্টগ্রাম শান্তি ও নিরাপদ বন্দর নগরী। এখানে বিদেশী বিনিয়োগের চমৎকার পরিবেশ রয়েছে। চট্টগ্রামে সকল নাগরিকের বসবাসের উপযোগী ব্যবস্থা রয়েছে। চট্টগ্রাম এর নাগরিক সমাজ বিদেশী বন্ধুদের সাদরে গ্রহণ করে তাদের সুযোগ সুবিধা নিশ্চিত করে আসছে। এখানে জঙ্গীবাদ ও সন্ত্রাসের কোন স্থান নেই। রোহিঙ্গা শরনার্থীও চট্টগ্রাম নগরীতে নেই। তিনি দূতাবাসের কর্মকর্তাদের মাধ্যমে চট্টগ্রামে অধিক বিনিয়োগের আহবান জানান। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন ও জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ সংশ্লিস্টরা উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন